# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 21 April, 2025

বাগেরহাটে নোংরা পরিবেশে গরু জবাই ও বাটখারায় বিএসটিআইয়ের স্টিকার না থাকা, ওজনে কম দেওয়া ও দোকানের ট্রেড লাইসেন্স না অপরাধে আঃ সালাম কসাইয়ের ৩ টি প্রতিষ্ঠানকে ২৬ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার (২১ এপ্রিল) সকালে শহরের মেইন বাজারে অভিযান পরিচালনা করেন বাগেরহাট জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।অভিযানে সেনাবাহিনীর একটি টিম ও গোয়েন্দা সংস্থার লোক ও চেম্বার অব কমার্সের প্রতিনিধি ও বাগেরহাট পৌরসভার কর্মকর্তা সার্বিক সহায়তা প্রদান করেন।

অভিযানে জনসচেতনতা বৃদ্ধি ও ভোক্তা অধিকার বিরোধী কার্যক্রম হতে বিরত থাকার জন্য লিফলেট বিতরণ করা হয়। অভিযান পরিচালনাকালে সকল ব্যবসায়ীদের দৃশ্যমান স্থানে পণ্যের মূল্য তালিকা টাঙানো, ন্যায্য মূল্যে পণ্য বিক্রি করা, পন্য সঠিক মূল্য বিক্রি করা,দোকানের ট্রেড লাইসেন্স ঠিক করা,বাটখারায় বিএসটিআইয়ের স্টিকার

লাগানো,ক্রয় ভাউচার সংরক্ষণ করা নির্দেশনা দেওয়া হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাগেরহাটের সহকারি পরিচালক শরিফা সুলতানা বলেন, ভোক্তা অধিকার ও সেনাবাহিনীর যৌথ অভিযানে জনসচেতনতা বৃদ্ধি ও ভোক্তা অধিকারবিরোধী কার্য হতে বিরত থাকার জন্য লিফলেট বিতরণ করা হয়।এসময় খান মিটস হাউজ কে নোংরা পরিবেশগরু জবাই, মাংসের দাম বেশি নেওয়া,বাটখার বিএসটিআইয়ের

স্টিকার না থাকায় আঃ সালাম খাঁন কসাইয়ের তিন টি মাংসের প্রতিষ্ঠানকে ২৬ হাজার টাকা জরিমানা ও ফতে পুর মৎস্য আড়তে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও ভবিষ্যতেও জনস্বার্থে এ ধরনের অভিযান কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান তিনি।

বাগেরহাট ট্রেড লাইসেন্স ভোক্তা অধিকার নোংরা পরিবেশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 10:26

URL: https://timestodaybd.com/across-the-country/3286061169